# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | চট্টগ্রাম | 04 May, 2025

চট্টগ্রামের মিরসরাই উপজেলার গোভনীয়া খালের ওপর নির্মিত অবৈধ স্থাপনা উচ্ছেদ ও দখলমুক্ত করার দাবিতে মানববন্ধন কর্মসূচি পালন করেছে উপজেলা কৃষকদল, সচেতন নাগরিক ফোরাম ও এলাকাবাসী।রবিবার (৪ মে) সকাল ১১টার দিকে উপজেলার আবুতোরাব বাজার এলাকায় দেড় ঘণ্টাব্যাপী এ মানববন্ধন অনুষ্ঠিত হয়।মানববন্ধন শেষে উপজেলা নির্বাহী অফিসার বরাবর স্মারকলিপি প্রদান করা হয়।

উপজেলা কৃষকদলের আহ্বায়ক মো. আশরাফ উদ্দিনের সভাপতিত্বে ও মঘাদিয়া ইউনিয়ন বিএনপির যুগ্ম আহ্বায়ক এম হেলাল উদ্দিনের সঞ্চালনায় এ সময় প্রধান বক্তার বক্তব্য রাখেন উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মোহাম্মদ আলমগীর।

বক্তব্য রাখেন খৈয়াচড়া ইউপির সাবেক চেয়ারম্যান রফিকুজ্জামান, আবুতোরাব বাজার পরিচালনা কমিটির সাবেক সাধারণ সম্পাদক শিপন ভুঁইয়া, উপজেলা কৃষকদলের সদস্য সচিব আবু দাউদ, সাবেক ছাত্রনেতা নিজাম উদ্দিন, সাবেক ছাত্রনেতা কাইয়ুম খান, প্রফেসর কামাল উদ্দিন চৌধুরী কলেজ প্রাক্তন শিক্ষার্থী পরিষদের প্রধান সমন্বয়ক সাহেদ আহসান, সাবেক ছাত্রনেতা শোয়াইব হাসান, স্বেচ্ছাসেবী সংগঠন হিতকরীর প্রতিষ্ঠাতা শহিদুল ইসলাম রয়েল, আবুতোরাব কৈলাশগঞ্জ বাজার উন্নয়ন পরিচালনা কমিটির ক্রীড়া সম্পাদক মো. মুসলিম উদ্দিন, কৃষকদল নেতা নুরুল গনি প্রমুখ।

উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক মোহাম্মদ আলমগীর বলেন, ‘গোভনীয়া, আবুতোরাব-মঘাদিয়া খাল খনন কার্যক্রম ইতোমধ্যে শুরু হয়ে আবুতোরাব বাজার এলাকায়

এসে তা অদৃশ্য কারণে থমকে গেছে। এখানে অবৈধ দখলদাররা তাদের স্থাপনা এমনভাবে গড়ে তুলেছে যেখানে খননের জন্য ড্রেজার পর্যন্ত প্রবেশের জায়গা নেই।দোকানদারদের ফেলা বর্জ্যে পুরো খাল ভরাট হয়ে গেছে।

তিনি বলেন, ‘ইতোমধ্যে উপজেলা নির্বাহী অফিসার, এসিল্যান্ড ও কৃষি কর্মকর্তাকে সরেজমিনে নিয়ে গিয়ে বাস্তব অবস্থা দেখিয়েছি। এসব অবৈধ স্থাপনা সরিয়ে নিতে তাদের একাধিকবার জানানো হলেও কোন প্রতিকার পাওয়া যায়নি। যে কারণে আজ এই কর্মসূচি হাতে নিয়েছি।

উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) মাহফুজা জেরিন বলেন, ‘খাল খনন কার্যক্রম চলমান রয়েছে। আবুতোরাব বাজারে অবৈধ দোকানপাট সরিয়ে নিতে নির্দেশনা দেয়া হয়েছে। তারা যদি সরিয়ে না নেয় আমরা উচ্ছেদ করে খাল খনন করবো।

খাল দখলমুক্ত মানববন্ধন

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:29

URL: https://www.timestodaybd.com/chittagong/1906441265